কালের কণ্ঠ

08 JAN 2015

ঢাবি শিক্ষক সমিতির নির্বাচন

# সব পদে নীল দল জয়ী

ঢাকা ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▶

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নির্বাচনে সভাপতি-সাধারণ সম্পাদকসহ কার্যনির্বাহী কমিটির ১৫টি পদের সব কয়টিতেই জয় পেয়েছেন আওয়ামী লীগ ও বামপন্থী শিক্ষকদের নীল দলের প্রার্থীরা। এবারই প্রথম পুরো প্যানেলে জয় পেল নীল দল। বিপরীতে বিএনপি-জামায়াতপন্থী শিক্ষকরা এবার কোনো পদেই জয়ী হতে পারেননি। অন্যদিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে সভাপতি-সাধারণ সম্পাদকসহ ৯টি পদে জয় পেয়েছে নীল দলের বিদ্রোহী প্যানেল।

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত ভোট নেওয়া হয়। ভোট গণনা শেষে বিকেল সোয়া ৪টার দিকে ফল ঘোষণা করেন নির্বাচন পরিচালনার দায়িত্বে থাকা অধ্যাপক শফিকুজ্জামান।

অধ্যাপক জানান, শিক্ষক সমিতির এক হাজার ৯০২ জন ভোটারের মধ্যে এক হাজার ৩৬৫ জন ভোট দিয়েছেন। সভাপতি পদে ফরিদউদ্দিন আহমেদ ৮৬৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। অর্থনীতির এ অধ্যাপক বিদায়ী কমিটিরও সভাপতি। তাঁর প্রতিদ্বন্দ্বী সাদা দলের প্রার্থী মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের অধ্যাপক মো. আখতার হোসেন খান পেয়েছেন ৪৬৮ ভোট। সাধারণ সম্পাদক পদে পুনর্নির্বাচিত হয়েছেন নীল দলের অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল। আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের এই ডিন পেয়েছেন ৭৬১ ভোট। তাঁর প্রতিদ্বন্দ্বী সাদা দলের পরিসংখ্যান, প্রাণ পরিসংখ্যান ও তথ্য পরিসংখ্যান বিভাগের অধ্যাপক মো. লুৎফর রহমান পেয়েছেন ৫৫২ ভোট।

অন্য বিজয়ীরা হলেন সহসভাপতি পদে ম্যানেজমেন্ট ও ইনফরমেশন বিভাগের অধ্যাপক হাসিবুর রশীদ, কোষাধ্যক্ষ পদে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন শিবলী রুবাইয়াতুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক পদে সিনেট সদস্য অধ্যাপক আফতাব আলী শেখ এবং সদস্যপদে কলা অনুষদের ডিন আখতারুজ্জামান, অপরাধবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক জিয়াউর রহমান, টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক এ জে এম শফিউল আলম ভূঁইয়া, খাদ্য ও পুষ্টি বিজ্ঞান ইনস্টিটিউটের অধ্যাপক নিজামুল হক ভূঁইয়া, অণুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক সাবিতা রিজওয়ানা রহমান, আইন বিভাগের অধ্যাপক রহমত উল্লাহ, ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক তাজিন আজিজ চৌধুরী, মার্কেটিং বিভাগের অধ্যাপক মুবিনা খন্দকার, বাংলা বিভাগের অধ্যাপক সৌমিত্র শেখর ও ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আবদুস ছামাদ।

বিজয়ী সাধারণ সম্পাদক অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল বলেন, 'শিক্ষক সমিতির ইতিহাসে এবারই প্রথম কোনো দল এককভাবে পুরো প্যানেলে জয় পেয়েছে। তরুণ প্রজন্মের শিক্ষকরা মুক্তিযুদ্ধের পক্ষের শক্তিকে জয়ী করেছেন।'

তবে পরাজিত সাদা দলের শিক্ষকরা বলছেন, বর্তমান সরকারের সময়ে বিপুলসংখ্যক শিক্ষক নিয়োগ দেওয়া হয়েছে। এ কারণেই সাদা দল পুরো প্যানেলে পরাজিত হয়েছে। এ ছাড়া সাদা দলের পরাজয়ের পেছনে নিজ দলের অভ্যন্তরীণ কোন্দলকেও দায়ী করেছেন এই দলের সভাপতিপ্রার্থী অধ্যাপক আখতার হোসেন খান।

## জগন্নাথে ৯ পদে জয় নীল দলের বিদ্রোহীদের

জগন্নাথে নূর সভাপতি, আবুল হোসেন সম্পাদক : জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ২০১৫ সালের কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ৯টি পদে জয়লাভ করেছে নীল দলের বিদ্রোহী প্যানেল। গত মঙ্গলবার সকাল ৯টা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে টানা ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। এতে ৫০৭ জনের মধ্যে ৪২২ শিক্ষক ভোট দিয়েছেন বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার ড. লীমা হক। তিনি জানান, সভাপতি পদে হিসাববিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আলী নূর ও সাধারণ সম্পাদক পদে সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. মো. আবুল হোসেন নির্বাচিত হয়েছেন।

অন্য বিজয়ীরা হলেন সহসভাপতি পদে ভূগোল ও পরিবেশ বিভাগের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. মো. মনিরুজ্জামান, কোষাধ্যক্ষ পদে অধ্যাপক ড. মো. আমিনুল হক, যুগ্ম সাধারণ সম্পাদক পদে মো. আবদুর রউফ এবং সদস্যপদে মো. আমিনুল ইসলাম, অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন, মোহাম্মদ হাফিজুল ইসলাম, অধ্যাপক শাওলী মাহবুব, এ বি এম আশরাফুজ্জামান, তাসলিমা আক্তার, অনির্বাণ সরকার, অধ্যাপক ড. নূরে আলম আবদুল্লাহ, বিভাস কুমার সরকার ও অধ্যাপক মো. জাকির হোসেন জয়ী হয়েছেন।